

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৯১

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - মৌলিক দু'আসমূহ

আরবী

وَعَن عبد الله يزِيد الخطمي عَنْ رَسُولِ اللّهِ صِلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ كَانَ يَقُولُ فِي دُعَائِهِ: «اللّهُمُّ ارْزُقْنِي حُبُّكَ وَحُبَّ مَنْ يَنْفَعُنِي حُبُّهُ عِنْدَكَ اللّهُمُّ مَا رَزَقْتَنِي مِمَّا أُحِبُ فَاجْعَلْهُ قُوَّةً لِي فِيمَا تُحِبُ اللّهُمُّ مَا زَوَيْتَ عَنِي مِمَّا أُحب فاجعله فراغا ي فِيمَا تحب» فَاجْعَلْهُ قُوَّةً لِي فِيمَا تُحِبُ اللّهُمُّ مَا زَوَيْتَ عَنِي مِمَّا أُحب فاجعله فراغا ي فِيمَا تحب» . رَوَاهُ التِّرْمِذِي

বাংলা

২৪৯১-[১০] 'আবদুল্লাহ ইবনু ইয়াযীদ আল খত্বমী (রাঃ) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দু'আ করার সময় বলতেন, ''আল্ল-হুম্মার্ যুকনী হুব্বাকা ওয়াহুব্বা মান্ ইয়ানফা'উনী হুব্বুহু 'ইন্দাকা, আল্ল-হুম্মা মা- রযাকতানী মিম্মা- উহিব্বু ফাজ্'আলহু ক্যুওয়াতান লী ফীমা- তুহিব্বু, আল্ল-হুম্মা মা যাওয়াইতা 'আন্নী মিম্মা- উহিব্বু ফাজ্'আলহু ফারা-গান লী ফীমা- তুহিব্বু''

(অর্থাৎ- হে আল্লাহ! তুমি আমাকে তোমার ভালোবাসা এবং যার ভালোবাসা তোমার কাছে আমার জন্য কল্যাণকর হবে মনে করো তার ভালোবাসা আমাকে দান করো। হে আল্লাহ! আমি ভালোবাসি এমন যা তুমি আমাকে দিয়েছাে, একে তুমি আমার অনুকূল করে দাও যা তুমি তার জন্য ভালোবাসাে। হে আল্লাহ! আমি যা ভালোবাসি তার যতখানি তুমি আমার কাছ হতে দূরে রেখেছাে, তাকে তুমি যা আমার পক্ষে ভালোবাসাে তা করার জন্য সুযোগ-সুবিধা দান করাে।)। (তিরমিয়া)[1]

ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ৩৪৯১, ইবনু আবী শায়বাহ্ ২৯৫৯২, য'ঈফ আল জামি' ১১৭২। কারণ সুফ্ইয়ান বিন ওয়াকি'ঈ দুর্বল রাবী।

ব্যাখ্যা



ব্যাখ্যা: হে আল্লাহ! তুমি আমাকে তোমার ভালবাসা দান করো। কারণ কোন সৌভাগ্য, স্বাদ, নিয়ামত অনুগ্রহ কোন কিছুই কোন মু'মিন বান্দার নিকট আল্লাহর ভালবাসার থেকে অধিক প্রিয় হতে পারে না। তাই সবকিছুর উর্ধের্ব আল্লাহর ভালবাসা। আল্লাহর ভালবাসাই মু'মিনের একান্ত কাম্য বিষয়। তোমার নিকট যার ভালবাসা আমার জন্য উপকারে আসবে তার ভালবাসা আমাকে দান করো। যেমন- মালাক (ফেরেশতা), নাবীগণ, আল্লাহর বন্ধু ও মুব্তাকীদের ভালবাসা।

হে আল্লাহ! তুমি আমাকে দান করেছ এমন যা কিছু আমি ভালবাসী, যেমন- শারীরিক সুস্থতা ও শক্তি-সামর্থ্য, পার্থিব ভোগের সামগ্রী, সম্পত্তি, সম্মান, খ্যাতি, সন্তান-অবসর ও অন্যান্য সমস্ত নিয়ামত। এগুলোকে তুমি যা ভালবাস যেমন তোমার আনুগত্য ও 'ইবাদাত ইত্যাদির জন্য আমার পক্ষে অবলম্বনস্বরূপ করো। (অর্থাৎ- এসব পার্থিব নিয়ামতকে ব্যবহার করে আমি যেন তোমার 'ইবাদাত ও আনুগত্যমূলক কাজ যথাযথভাবে করতে পারি সে তাওফীক দাও।)

হে আল্লাহ! তুমি আমার থেকে যা দূরে রেখেছ বা আমাকে দাওনি অথচ আমি তা ভালবাসি; তুমি সেগুলোকে আমার অবসরে তোমার আনুগত্য, 'ইবাদাত, জিকির-আযকার করার উপায় হিসেবে গ্রহণ করো, যা করা তুমি ভালবাস।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন